



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ পরিচালক (ট্রাফিক) এর দপ্তর


বিজ্ঞপ্তি নং-০৫/২০১৮

তারিখ - ০৮/০৪/২০১৮ইং।

বিষয় : চট্টগ্রাম বন্দরে আমদানীকৃত এফসিএল কন্টেইনারসমূহ বন্দর অভ্যন্তর হতে দ্রুত ডেলিভারী নেয়া
প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকল আমদানীকারক/সিএন্ডএফ এজেন্ট ও সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি বন্দর অভ্যন্তরে এফসিএল (আমদানীকৃত) কন্টেইনারের সংখ্যা অত্যধিক হওয়ায় বন্দর অভ্যন্তরে স্থান সংকটসহ স্বাভাবিক কর্মকাণ্ড পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এর মূল কারণ হিসেবে আমদানীকারক/সিএন্ডএফ এজেন্ট কর্তৃক বন্দর হতে দৈনিক কন্টেইনার ডেলিভারীর ক্ষেত্রে কিছুটা ধীরগতি পরিলক্ষিত হচ্ছে। তাই অনতিবিলম্বে বন্দরে আমদানীকৃত এফসিএল কন্টেইনারসমূহ বন্দর অভ্যন্তর হতে ডেলিভারী/সরিয়ে নিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। এ বিষয়ে চট্টগ্রাম বন্দর ও কাস্টম কর্তৃপক্ষ ২৪x৭ ভিত্তিতে সার্বক্ষণিক প্রস্তুত রয়েছে। উল্লেখ্য, এই বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে আগামী এক সপ্তাহ ০৭ (সাত) দিন পর্যবেক্ষণ করে অবস্থার উন্নতি না হলে এফসিএল (আমদানীকৃত) কন্টেইনারের ষ্টোররেন্ট শুরু হওয়ার দিন অর্থাৎ ০৪ (চার) দিন ফ্রি টাইমের পর থেকে Regulations for Working of Chittagong Port (Cargo & Container), 2001 এর ১৬০ নং ধারার আলোকে আমদানীকৃত এফসিএল কন্টেইনারের স্বাভাবিক ভাডার উপর বর্ধিত হারে রেন্ট আরোপে কর্তৃপক্ষ বাধ্য হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইহা জারী করা হলো।


পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ